4015 - বীযের দিনগুলোর রোযা ও শাওয়ালের ছয় রোযা এক নিয়তে রাখা

প্রশ্ন

যে ব্যক্তি শাওয়ালের ছয় রোযার মধ্যে তিনটি রোযা বীযের দিনগুলোর রোযার সাথে একই নিয়তে রাখবে সে কি ফযিলত পাবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আমি আমাদের শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ) কে এ মাসয়ালা সম্পর্কে জিজ্ঞেস করেছি। জবাবে তিনি বলেন: আশা করি তিনি সে ফযিলত পাবেন। কেননা তার ক্ষেত্রে এ কথা বলা সত্য যে, তিনি ছয় রোযা রেখেছেন এবং এ কথা বলাও সত্য যে, তিনি বীযের দিনগুলোর রোযা রেখেছেন। আল্লাহ্‌র অনুগ্রহ প্রশস্ত।

একই মাসয়ালার জবাবে শাইখ মুহাম্মদ বিন সালেহ আল-উছাইমীন আমাকে জবাব দিয়েছেন: হ্যাঁ। যদি কেউ শাওয়ালের ছয় রোযা রাখে তার উপর বীযের রোযাগুলো বাদ হয়ে যাবে; হোক না তিনি বীযের দিনগুলোতে কিংবা আগে কিংবা পরে রোযাগুলো রাখুন না কেন। যেহেতু তার ক্ষেত্রে এ কথা বলা সত্য হয় যে, তিনি প্রত্যেক মাসের তিনদিন রোযা রেখেছেন। তিনি কি মাসের প্রথমে রোযাগুলো রাখলেন; নাকি মাঝে রাখলেন; নাকি শেষে রাখলেন সেটা ধর্তব্য নয়। সুন্নত নামায আদায় করার মাধ্যমে যেমন তাহিয়্যাতুল মসজিদের নামায পড়া বাদ হয়ে যায় এটি সেই শ্রেণীর আমল। কেউ যদি মসজিদে প্রবেশ করে সুন্নত নামায পড়ে তাহলে তাহিয়্যাতুল মসজিদ আদায় করার বিধান বাদ হয়ে যায়...। আল্লাহ্‌ই সর্বজ্ঞ।